# ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন

**বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও**

সোনারগাঁও বাংলার ইতিহাসের এক গৌরবোজ্জ্বল প্রাচীন জনপদ। প্রায় তিনশত বছর সোনারগাঁও প্রাচীন বাংলার রাজধানী ছিল। সুলতানি আমলের শাসকগণ, বারো ভূঁইয়া প্রধান ঈসা খাঁ ও জগদ্বিখ্যাত মসলিন থেকে সোনারগাঁওকে আলাদা করা যায় না। এরূপ এক গুরুত্বপূর্ণ ঐতিহাসিক পটভূমিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রথম আর্থিক সাহায্য ও পৃষ্ঠপোষকতায় এবং শিল্পাচার্য জয়নুল আবেদিনের ঐকান্তিক প্রচেষ্টায় সরকার ১৯৭৫ সালের ১২ মার্চ এক প্রজ্ঞাপন বলে বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন প্রতিষ্ঠা করে। রাজধানী ঢাকা থেকে ২৫ কিলোমিটার পূর্বে ঢাকা-চট্টগ্রাম মহাসড়ক থেকে প্রায় ১ কিলোমিটার অভ্যন্তরে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলায় এ প্রতিষ্ঠানের অবস্থান।

**০২. ২০১৭-২০১৮ অর্থবছরের সম্পাদিত কার্যাবলি:**

ঐতিহ্যবাহী লোক ও কারুশিল্প অনুরাগী সংস্কৃতিমনস্ক জাতি গঠনের ভিশন বাস্তবায়নের অভিলক্ষ্যে এর উৎকর্ষ সাধন, প্রসার, সংগ্রহ, সংরক্ষণ, প্রদর্শন ও পুনরুজ্জীবনের কাজ ফাউন্ডেশন করে যাচ্ছে। বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন বাঙালি জাতিসত্তার প্রকাশে গবেষণাধর্মী সেবামূলক একটি জাতীয় প্রতিষ্ঠান ।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় নির্ধারিত কার্যাবলিসহ আলোচ্য অর্থবছরে যে সকল কাজ সম্পাদিত হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য হলো ঢাকা জেলার ধামরাই ও সাভার এবং মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলার কারুশিল্পীদের পরিচিতিমূলক তালিকা প্রণয়নসহ কারুশিল্পীদের বিষয়ে তথ্য সংগ্রহমূলক জরিপ কাজ। দেশব্যাপী জরিপের এ কাজটির পর্যায়ক্রমে সম্পাদনে একটি উন্নয়ন প্রকল্প প্রণয়ন করা হয়েছে। কারুশিল্পীদের মান উন্নয়নে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে এ জরিপ উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

চলতি বছর কারুশিল্পের মান উন্নয়নে দেশের ৬টি জেলায় ৭টি কারুশিল্পের প্রতিটি মাধ্যমে ১০জন করে মোট ৭০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এ কর্মসূচির আওতায় আলোচ্য সময়ে সোনারগাঁয়ের নকশিকাঁথা, নকশিপাখা, ঢাকার কাগজের কারুশিল্প, চট্টগ্রামের তালপাতার হাতপাখা, বরগুনার মৃৎশিল্প, রাজশাহীর শখের হাঁড়ি ও ক্ষুদ্র-নৃগোষ্ঠী-বান্দরবান-এর কোমার তাঁত ও বাঁশের কারুশিল্প মাধ্যমে কারুশিল্পী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।

আলোচ্য বছরে ফাউন্ডেশনের প্রায় ৪৫০ (চারশত পঞ্চাশ) তামা কাঁসাপিতলের ক্যাটালগসহ আরও প্রায় ২,০০০.০০ (দুই হাজার)টি নিদর্শন দ্রব্যের আলোকচিত্র ডকুমেন্টেশনের কাজ সম্পন্ন হয়।

কারুশিল্পীদের উৎসাহ প্রদানের লক্ষ্যে ফাউন্ডেশন থেকে চলতি বছর টেপাপুতুল , জামদানি ও শোলার কারুশিল্পীকে পুরস্কৃত করা হয়। একভরি ওজনের একটি স্বর্ণের পদকসহ নগদ ত্রিশহাজার টাকা ও সনদ প্রদান এ পুরস্কারের অর্ন্তভুক্ত ছিল।

আলোচ্য বছরে "কাঠের কারুশিল্পের প্রাচীন ঐতিহ্য ও আধুনিকতার মেলবন্ধন" শিরোনামে বিশেষ প্রদর্শনীর আয়োজন করা হয়। এ ছাড়া সারা বছর জুড়ে নিম্নল্লিখিত অনুষ্ঠানের আয়োজন করা হয়:

১। ১৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন;
২। ১ অগ্রহায়ণ/১৫ নভেম্বর নবান্ন উৎসব উদযাপন;
৩। মহান বিজয় উৎসব ও পৌষ মেলা আয়োজন;
৪। শিল্পাচার্য জয়নুল আবেদিনের জন্মোৎসব উপলক্ষে জয়নুল মেলা ও প্রদর্শনীর আয়োজন;
৫। ১মাঘ (১৪ জানুয়ারি) থেকে মাসব্যাপী লোককারুশিল্প মেলা ও লোকজ উৎসব ২০১৮ আয়োজন;
৬।শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন ;

৭। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মোৎসব ও জাতীয় শিশু দিবস উদযাপন;
৮। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন;
৯। চৈত্রসংক্রান্তি, বৈশাখীমেলা ও বাংলা নববর্ষবরণ উৎসব উপলক্ষে বৈশাখীমেলার আয়োজন;
১০। ২৮ মে শিল্পাচার্য জয়নুল আবেদিনের মৃত্যুবার্ষিকী পালন;
১১।মৎস্য অবমুক্তকরণ ও বিপন্ন উদ্ভিদ ও প্রাণি সংরক্ষণ ফাউন্ডেশন এর সহযোগিতায় বৃক্ষরোপণ কর্মসূচি পালন।

উল্লিখিত অনুষ্ঠানসমূহ ছাড়াও মাসব্যাপী উৎসবের ১টি দিন প্রতিবন্ধীদের জন্য সকল আয়োজন রাখা হয়। এবং সরকারি ছুটির বিশেষ দিনগুলো প্রতিবন্ধী ও শিশুদের জন্য জাদুঘর পরিদর্শন উন্মুক্ত রাখা হয়।
আলোচ্য বছরে "লোককবিতায় বঙ্গবন্ধু" শীর্ষক দুই খন্ডে গবেষণা গ্রন্থ প্রকাশিত হয়। এছাড়া কারুশিল্পের নিদর্শন সংগ্রহ কার্যক্রমের আওতায় ৪৮টি কারুশিল্পের নিদর্শন সংগ্রহ করা হয়েছে। উল্লেখ্য যে, এ বছর ০৮ লক্ষাধিক দেশি দর্শনার্থী এবং দুই হাজারের অধিক বিদেশি পর্যটক ফাউন্ডেশন পরিদর্শন করেছেন। এ সময় দর্শনার্থী প্রবেশ ফিসহ অন্যান্য খাত থেকে প্রায় তিন কোটি সাইত্রিশ লক্ষ ছাব্বিশ হাজার টাকা আয় হয়েছে।

**০.৩ ২০১৮-২০১৯ অর্থবছরের কর্মপরিকল্পনা:**

- লোককারুশিল্পের প্রসারে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ৪টি মেলা, ২টি কারুশিল্পী প্রদর্শনী ও ডকুমেন্টশন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়ন;
- কারুশিল্প ও কারুশিল্পীদের পরিচিতিমূলক পরিপূর্ণ তথ্য ভান্ডার গড়ে তোলার লক্ষ্যে কুমিল্লা জেলার দাউদকান্দি, চান্দিনা ও বড়ুরা উপজেলায় জরিপ;
- লোককারুশিল্প শীর্ষক ১টি গবেষণামূলক গ্রন্থ প্রকাশ;
- ঐতিহ্যবাহী লোককারুশিল্প তৈরির ক্ষেত্রে উৎসাহদানে তিন শ্রেণির ৩জন কারুশিল্পীকে পুরস্কার প্রদান;
- কারুশিল্পের মান উন্নয়নে ৫০জন নারী ও ২৭জন পুরুষ কারুশিল্পের বিভিন্ন মাধ্যমে প্রশিক্ষণ প্রদান এবং
- লোককারুশিল্পের প্রায় ৫০০টি নিদর্শন দ্রব্যের ক্যাটালগিং।
- লোকজ সাংস্কৃতিক এবং লোকজ খেলায় ৫০০জন শিশুর অংশগ্রহণ নিশ্চিত করা।

(রবীন্দ্র গোপ)
পরিচালক
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন





লোকারুশিল্প মেলা ও লোকজ উৎসব ২০১৮ এর শুভ উদ্বোধনী অনুষ্ঠানে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপিকে শুভেচ্ছা স্মারক উপহার দিচ্ছেন পরিচালক কবি রবীন্দ্র গোপ



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছোট বোন শেখ রেহানার পুত্র জনাব রেদওয়ান সিদ্দিক ববিকে ফাউন্ডেশনের ঐতিহাসিক বড় সরদারবাড়ির স্থাপত্যশৈলী সম্পর্কে অবহিত করছেন মাননীয় মন্ত্রী জনাব আসাদুজ্জামান নূর এমপি, সঙ্গে আছেন সম্মানিত সচিব জনাব মোঃ নাসির উদ্দিন আহমেদ, কবি রবীন্দ্র গোপ প্রমুখ




বর্ষবরণ উৎসব ১৪২৫ উপলক্ষে মঙ্গল শোভাযাত্রায় ফাউন্ডেশনের পরিচালক কবি রবীন্দ্র গোপ, বীর মুক্তিযোদ্ধাগণ ও জয়নুল পাঠশালার ছোট্ট সোনামণিগণ




বর্ষবরণ উৎসব ১৪২৫ উপলক্ষে ঝিলের জলে ভাসমান আনন্দধারা মঞ্চে সাংস্কৃতিক অনুষ্ঠান





ফাউন্ডেশন প্রদত্ত ২০১৭ শ্রেষ্ঠ কারুশিল্পী জনাব শংকর মালাকারকে কারুশিল্পী পদক ও সম্মননা চেক প্রদান করছেন ভাষাসংগ্রামী জনাব আহমদ রফিক, সঙ্গে আছেন পরিচালক কবি রবীন্দ্র গোপ প্রমুখ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ৭ই মার্চের ভাষণ স্বকণ্ঠে আবৃত্তি প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে কবি রবীন্দ্র গোপ রচিত "লোককবিতায় বঙ্গবন্ধু" শীর্ষক গ্রন্থ বিতরণ করছেন ভাষাসংগ্রামী জনাব কামাল লোহানী



মহান ২১ শে ফেব্রুয়ারি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত শিশু চিত্রাংকন প্রতিযোগিতা




ফাউন্ডেশন আয়োজিত কারুশিল্পী প্রশিক্ষণ কর্মসূচিতে নকশাঁ ও পটচিত্র কারুশিল্পের প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীবৃন্দ



ফাউন্ডেশনের ঐতিহাসিক বড় সরদারবাড়ি পরিদর্শন করেন মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা জনাব এইচ টি ইমাম, সঙ্গে আছেন পরিচালক কবি রবীন্দ্র গোপ